


“ভর্তি বিজ্ঞপ্তি”

যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল জেলা কার্যালয়ধীন নিম্নবর্ণিত প্রশিক্ষণ ট্রেডে প্রশিক্ষণ শুরু হতে যাচ্ছে। ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক/যুব মহিলাদের মধ্যে স্বকর্মসংস্থানে নিয়োজিত হতে আগ্রহী প্রার্থীদের নিম্নস্বাক্ষরকারীর বরাবরে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক আবেদন ফরমে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের ফরম সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়ে পাওয়া যাবে।

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তির তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	গবাদি পশু পালন বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক)	০১ মাস মেয়াদী (০১-০৪-২০২১ থেকে ৩০-০৪-২০২১ খ্রিঃ পর্যন্ত)	৪০	৮ম শ্রেণী পাস	৩০-০৩-২০২১খ্রিঃ	৩১-০৩-২০২১খ্রিঃ সময় সকাল-১০.০০ঘটিকা (স্ব-স্ব উপজেলা কার্যালয়)	০১-০৪-২০২১খ্রিঃ


শর্তাবলীঃ

১. বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
  ২. যুব সংগঠন কর্তৃক মনোনীত যুব এবং বিধবা, তালাকপ্রাপ্ত, দুস্থ, বেকার অবিবাহিত যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
  ৩. স্বহস্তে লিখিত দরখাস্ত (১) নাম(বাংলা ও ইংরেজি) (২) পিতার নাম(বাংলা ও ইংরেজি) (৩) মাতার নাম(বাংলা ও ইংরেজি) (৪) জন্ম তারিখ (৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেলা/লিঙ্গ (১২) মোবাইল নম্বর(যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ ট্রেডের নাম(যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
  ৪. নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব জেলার উপ পরিচালক/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
  ৫. দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণের আবেদনপত্র( যুব উন্নয়ন অধিদপ্তরের নির্ধারিত ফর্মে অথবা সাদা কাগজে) ইউনিয়ন ডিজিটাল সেন্টার/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/উপ পরিচালক এর কার্যালয়ে দাখিল করতে পারবে।
  ৬. আবেদনপত্রের সাথে (১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ািলিপি (২) জাতীয় পরিচয়পত্র(NID)(যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র (৩) সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্রসহ সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।
  ৭. দলিত(সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোঠা এবং প্রতিবন্ধী, আটপিক ও হিজড়াদের জন্য ৫% কোঠা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
  ৮. সাক্ষাৎকার জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
  ৯. ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রশিক্ষণের শর্তাবলীঃ
- ক) বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/(এক শত) টাকা(অফেরতযোগ্য) এবং জামানত হিসেবে ১০০/(এক শত) টাকা(ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে, সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।
  - খ) বর্ণিত প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।
  - গ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
  - ঘ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
  - ঙ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

  
২৩/৩/২০২১  
(ফরিদা ইয়াসমিন)  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
টাঙ্গাইল।

অনুলিপি, সদয় অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। প্রশাসক, জেলা পরিষদ, টাঙ্গাইল।
- ০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০৩। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপজেলা চেয়ারম্যান,.....(সকল), টাঙ্গাইল।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), টাঙ্গাইল।
- ০৬। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাঙ্গাইল।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,..... (সকল), টাঙ্গাইল। তাকে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ০১-০৪-২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ..... (সকল), টাঙ্গাইল।
- ০৯। সভাপতি/সম্পাদক ----- টাঙ্গাইল।
- ১০। সংশ্লিষ্ট নোটিশ বোর্ড/ অফিস নথি

  
২৩/৩/২০২১  
(ফরিদা ইয়াসমিন)

উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
টাঙ্গাইল।

ফোন নম্বর-০৯২১-৬২৫৯২

Email: ddtangail@dyd.gov.bd